

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 12-12-2025**

**Time: 07:55-08:05 PM Hrs**

**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) কেন্দ্রীয় মন্ত্রিসভা ২০২৭ সালের আদমশুমারির জন্য ১১,৭১৮ কোটি টাকার বাজেট অনুমোদন করেছে।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের পুলিশ কর্মীদের আধুনিক প্রণালীতে প্রশিক্ষিত করায় ফরেনসিক ক্ষেত্রে বড় ধরনের সাফল্য এসেছে।
- (৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু মণিপুরে বসবাসকারী সকল সম্প্রদায়কে একে অপরকে সমর্থন অব্যাহত রাখার আহ্বান জানান।
- (৪) ত্রিপুরা ও বিদর্ভের মধ্যে বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলা আজ থেকে কর্ণাটকের শিমোগাতে শুরু হয়েছে।

\*\*\*\*\*

**Census budget:**

কেন্দ্রীয় মন্ত্রিসভা ২০২৭ সালের আদমশুমারির জন্য ১১,৭১৮ কোটি টাকার বাজেট অনুমোদন করেছে। আজ নতুনদিল্লিতে গণমাধ্যমকে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, ২০২৭ সালের আদমশুমারি দুটি ধাপে পরিচালিত হবে। তিনি বলেন, ২০২৭ সালের আদমশুমারি হবে ধারাবাহিক ভাবে ষোড়শ এবং স্বাধীনতার পর থেকে ৮ম। তিনি বলেন, ভারতের আদমশুমারি বিশ্বের বৃহত্তম প্রশাসনিক ও পরিসংখ্যানগত অনুশীলন হিসেবে বিবেচিত হয়। ২০২৭

সালের আদমশুমারিতে বর্ণ গণনা অন্তর্ভুক্ত করা হবে। শ্রী বৈষ্ণো বলেন, এটি হবে প্রথম ডিজিটাল আদমশুমারি।

\*\*\*\*\*

### **DGsP/IGsP conference-2025- CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রাজ্যের সকল পুলিশ কর্মীকে আধুনিক প্রণালী অনুযায়ী প্রশিক্ষিত করা হয়েছে ফলে ফরেনসিক ক্ষেত্রে বড় ধরনের সাফল্য এসেছে। আজ আগরতলার প্রজ্ঞাভবনে ডিজিএসপি/আইজিএসপি সম্মেলন-২০২৫-এর ফলাফলের উপর রাজ্য পর্যায়ের আলোচনা সভা শেষে আয়োজিত সাংবাদিক সম্মেলনে একথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, ভারতীয় ন্যায় সংহিতা চালু হওয়ার পর থেকেই রাজ্যের আইন-শৃঙ্খলা রক্ষায় একাধিক ইতিবাচক পরিবর্তন এসেছে। বিভিন্ন মামলার তদন্তে এখন নিয়মিতভাবে ফরেনসিক ল্যাব ব্যবহার করা হচ্ছে এবং বিজ্ঞান ভিত্তিক তদন্তের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন নতুন আইন প্রয়োগের ফলে তদন্তের গতি উল্লেখযোগ্যভাবে বেড়েছে এবং অপরাধীদের শাস্তি পাওয়ার হার বা কনভিকশন রেটও বৃদ্ধি পেয়েছে। এই পরিবর্তনগুলি আইন-শৃঙ্খলা ব্যবস্থাকে আরও শক্তিশালী করেছে এবং মানুষের মধ্যে নিরাপত্তার অনুভূতি বাড়িয়েছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন রাজ্য পুলিশের মহা নির্দেশক অনুরাগ।

#####Byte CM#####

\*\*\*\*\*

### **MMTJY MINISTER:**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেছেন, রাজ্যের প্রাণী পালকদের আর্থিক ভাবে উন্নীত ও আত্ম নির্ভর করতে কেন্দ্রীয় ও রাজ্য সরকার অধিক গুরুত্ব দিয়েছে।

এই লক্ষ্যে রাজ্যেও শুরু হয়েছে মুখ্য মন্ত্রী প্রাণী পালক সন্মান নিধি প্রকল্প। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে উদয়পুর নজরুল গ্রন্থাগার প্রাঙ্গনে আয়োজিত গোমতি জেলা ভিত্তিক এক দিনের সচেতনতামূলক শিবিরের উদ্বোধন করে এই অভিমত ব্যক্ত করেন তিনি। অনুষ্ঠানে গোমতী জেলার ৭০০ জন প্রাণীপালককে এককালীন ৬০০০ টাকার অনুদান দেওয়া হয়। এই অনুদান দেওয়া হবে দু'বছর।

মুখ্যমন্ত্রী তপশিলি জাতি উন্নয়ন যোজনার আওতায় ১১৪ জন প্রাণীর পালককে ৬০ হাজার টাকা করে হাঁস ও উন্নত জাতের মুরগির ছানা বিতরণ করা হয়।  
মুখ্যমন্ত্রী

গোধন প্রকল্পে ৪০০ জন প্রাণীপালককে চার হাজার ৮০০ টাকা করে গো খাদ্য কেনার জন্য আর্থিক অনুদান দেয়া হয়। এছাড়া ১০ জন প্রাণী পালককে কৃষিগণ ক্রেডিট কার্ড খণ্ডের অনুমোদন পত্র দান করা হয়।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বিধায়ক জিতেন্দ্র মজুমদার, গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল মজুমদার প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Kishor Barman:**

উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী কিশোর বর্মণ বলেছেন, গণতান্ত্রিক ব্যবস্থায় বিধায়ক সহ জনপ্রতিনিধিদের শুধু এলাকার রাস্তাঘাট পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে কাজ করাই যথেষ্ট নয়। এর পাশাপাশি শিক্ষার প্রসার, অর্থনৈতিক উন্নয়ন সহ এলাকার জনগনের দৈনিক জীবনযাত্রার মান উন্নয়ন করতে হবে। আজ সিপাহীজলা জেলার নলছড় দশমীঘাট কমিউনিটি হলে আয়োজিত সেবাই সংগঠন কর্মসূচিতে অংশ নিয়ে একথা বলেন তিনি। এই কর্মসূচি থেকে নলছড়

বিধানসভা কেন্দ্ৰৰ আওতাধীন ৮টি গ্ৰাম পঞ্চায়েতৰ দিবাঞ্ছদেৱ সম্মান জানানো হয়। অনুষ্ঠানে অন্যদেৱ মध्ये উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পৰিষদেৱ সভাধিপতি স্প্ৰিয়া দাস দত্ত, কাকৰাবন বিধানসভা কেন্দ্ৰেৱ বিধায়ক জিতেন্দ্ৰ মজুমদাৰ, বিজেপি সিপাহীজলা উত্তৰাংশেৱ সভাপতি বিপ্লব চক্ৰবৰ্তী সহ বিশিষ্ট ব্যক্তিৱা।

\*\*\*\*\*

### **Sudhangshu Das:**

মৎস্যমন্ত্ৰী সুধাংশু দাস বলেছেন,মাছেৱ উৎপাদন বৃদ্ধিৱ লক্ষ্যে ৰাজ্যে ১১০ হেক্টৰ পতিত জলাশয়কে মাছ চাষেৱ আওতায় নিয়ে আসাৱ উদ্যোগ নেওয়া হয়েছে। আগামী বছৰ মাৰ্চ মাসেৱ মধ্যে এগুলিৱ সংস্কাৰ ও পৰিচৰ্যাৱ কাজ সম্পন্ন কৰাৱ লক্ষ্যমাত্ৰা নেওয়া হয়েছে। এক্ষেত্ৰে প্ৰায় পাঁচ কোটি টাকা ব্যয় কৰা হবে।মন্ত্ৰী শ্ৰীদাস আজ দুপুৰে ঊনকোটি জেলাৱ ফটিকৰায়েয় নজৰুল কলাকেন্দ্ৰে BJP আয়োজিত এক সাংগঠনিক বৈঠকে একথা বলেন। বৈঠকে উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পৰিষদেৱ সভাধিপতি অমলেন্দ্ৰ দাশ, কুমাৰঘাট পঞ্চায়েত সমিতিৱ চেয়াৰপাৰ্সন সুমতি দাস সহ দলীয় কাৰ্যকৰ্তাৱা। মৎস্যমন্ত্ৰী জানান, দলীয় সংগঠনকে আৰো বেশী শক্তিশালী কৰা এবং কেন্দ্ৰ ও ৰাজ্য সৰকাৰেৱ বিকাশমুখী কৰ্মধাৰাৱ সুফল মানুষেৱ কাছে পৌঁছে দিতে নীতিমালা স্থিৰ কৰাৱ জন্য এই বৈঠক। তাছাড়া আগামী আঠাশে ডিসেম্বৰ ফটিকৰায়ে বি,জে,পি'ৱ জনসভাৱ বিষয়েও প্ৰস্তুতি নেওয়া হয়েছে বলে জানান তিনি।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এখবৰ শুনছেন, আকাশবাণী আগৰতলা কেন্দ্ৰ থেকে।

## #####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### President, Manipur:

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু আজ মণিপুরের সেনাপতি জেলায় ছয়টি বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করেন। তিনি জেলার জন্য আরও পাঁচটি উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। উদ্বোধন করা প্রকল্পগুলির মধ্যে রয়েছে পঁচিশ কোটি টাকা ব্যয়ে একটি মডেল আবাসিক স্কুল উন্নয়ন, দশ কোটি টাকা ব্যয়ে দুটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উন্নয়ন এবং এগারো কোটি টাকা ব্যয়ে নির্মিত দুটি বেইলি ব্রিজ। রাষ্ট্রপতি সেনাপতিতে ত্রাণ শিবিরে আশ্রয় নেওয়া অভ্যন্তরীণভাবে বাস্তুচ্যুত ব্যক্তিদের সঙ্গে দেখা করেন এবং তাদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি মারাম উপজাতির নেতাদের সঙ্গেও কথা বলেন। রাষ্ট্রপতি সেনাপতি জেলার মাল্টিপারপাস হলে আয়োজিত অনুষ্ঠানে

বলেন যে, প্রধানমন্ত্রী জনমন কর্মসূচির অধীনে, উপজাতি সম্প্রদায়ের, বিশেষ করে পিভিটিজিদের, উন্নয়নের জন্য একাধিক উদ্যোগ চালু করা হয়েছে, যা পিভিটিজিদের জীবনকে আরও উন্নত করবে।

## #####Byte President#####

রাষ্ট্রপতি বলেন যে মণিপুরের শক্তি, তার বৈচিত্র্য, সংস্কৃতি, ভাষা এবং ঐতিহ্যের মধ্যে নিহিত। তিনি মণিপুরে বসবাসকারী সকল সম্প্রদায়কে একে অপরকে সমর্থন অব্যাহত রাখার আহ্বান জানান।

\*\*\*\*\*

### **J P Nadda:**

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা বলেছেন যে ২০১৫ সাল থেকে ভারতে যক্ষ্মার প্রকোপ ২১ শতাংশ কমেছে। ভারতে যক্ষ্মা আক্রান্তের হার ২১ শতাংশ কমে ২০২৪ সালে প্রতি লক্ষ জনসংখ্যায় ১৮৭ জনে দাঁড়িয়েছে, যেখানে ২০১৫ সালে এটি ছিল প্রতি লক্ষ জনসংখ্যায় ২৩৭ জন। আজ লোকসভায় এক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা এই তথ্য জানিয়েছেন। তিনি বলেন, বিশ্ব স্বাস্থ্য সংস্থার ২০২৫ সালের বৈশ্বিক যক্ষ্মা প্রতিবেদন অনুসারে, এই সময়ের মধ্যে যক্ষ্মাজনিত মৃত্যুর হার ২৫ শতাংশ কমেছে। মন্ত্রী জানান যে, দেশের সকল রাজ্যে জাতীয় স্বাস্থ্য মিশনের তত্ত্বাবধানে যক্ষ্মা মুক্ত ভারত অভিযান বাস্তবায়িত হচ্ছে।

\*\*\*\*\*

### **Unity Promo Fest:**

রাজ্য পর্যটন দপ্তর আয়োজিত “ইউনিটি প্রমো ফেস্ট- ২০২৫”- এর আজ শেষ দিন। আগরতলা স্বামী বিবেকানন্দ ময়দানে এই উপলক্ষে অনুষ্ঠান শুরু হয়েছে। অন্যান্য শিল্পীদের সাথে দেশের প্রখ্যাত সঙ্গীত শিল্পী জুবিন নোটিয়াল সঙ্গীত পরিবেশন করবেন। তিনি আজ দুপুরে আগরতলায় এসে পৌঁছেছেন।

\*\*\*\*\*

### **FRBT Exam-BNSS U/s 163:**

রাজ্যের ফায়ার রিভ্রুটমেন্ট বোর্ড পরিচালিত ২০২৫-এর নিয়োগ পরীক্ষা আগামী ১৪ ডিসেম্বর বেলা ১১টায় আগরতলার নির্দিষ্ট কয়েকটি স্কুলে অনুষ্ঠিত হবে। দু'ঘন্টা তিরিশ মিনিটের এই পরীক্ষা চলাকালিন পরীক্ষা কেন্দ্র ও এর সংলগ্ন এলাকায় শান্তি শৃঙ্খলা বজায় রাখতে পশ্চিম ত্রিপুরার জেলা শাসকের পক্ষ থেকে ভারতীয় ন্যায় ও সাক্ষ্য সংহিতার ১৬৩ ধারায় নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। এই নিষেধাজ্ঞা পরীক্ষার দিন সকাল ৮টা থেকে বিকেল ৩ টে পর্যন্ত বলবত থাকবে। এই নিষেধাজ্ঞা অমান্য করলে ভারতীয় ন্যায় সংহিতার ২২৩ নম্বর ধারায় শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত হবে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

\*\*\*\*\*

### **Universal Health Coverage Day :**

নন্দননগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ত্রিপুরা রাজ্য আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে আজ সার্বজনীন স্বাস্থ্য অন্তর্ভুক্তিকরন দিবস উপলক্ষে সচেতনতামূলক আলোচনার আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলা লিগাল অথরিটির প্যারা লিগাল ভলান্টিয়ার রাজীব পাল, বিদ্যালয়ের প্রধান শিক্ষক দ্বিজলাল দেবনাথ প্রমুখ। শ্রী পাল বলেন রোগ মুক্ত দেশ হলো উন্নতির প্রধান সোপান। রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পর্কে সচেতন থাকা সবার দায়িত্ব। আমাদের দেশে এবং রাজ্যে HIV, এইডস এবং টিবি রোগের চিকিৎসা বিনামূল্যে হাসপাতালগুলি থেকে প্রদান করা হয়। তিনি বলেন, স্বাস্থ্য ব্যবস্থার দুটি দিক, একটি হলো রোগ প্রতিরোধ ব্যবস্থা এবং অপরটি হল চিকিৎসা ব্যবস্থা। রোগ প্রতিরোধ ব্যবস্থা সম্পর্কে সচেতন থাকলে চিকিৎসা অনেক লাঘব হবে।

\*\*\*\*\*

### **Vijoy Merchant Trophy:**

ত্রিপুরা ও বিদর্ভের মধ্যে বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলা আজ থেকে কর্ণাটকের শিমোগাতে শুরু হয়েছে। জে এন এন কলেজ মাঠে ব্যাট করতে নেমে বিদর্ভ প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৭ উইকেটে হারিয়ে ৩১৩ রান করে।

\*\*\*\*\*

## Weather:

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২.৯ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*